

# বাংলা ট্রিবিউন

## ব্র্যাক সেন্টারে 'ডিজিটাল প্রযুক্তি ব্যবহারের সম্ভাবনা ও চ্যালেঞ্জ' সম্মেলন অনুষ্ঠিত

বাংলা ট্রিবিউন রিপোর্ট  
২০ জুন ২০২২, ২১:০৯



অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের জন্য 'ডিজিটাল প্রযুক্তি ব্যবহারের সম্ভাবনা ও চ্যালেঞ্জ' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন শুরু হয়েছে সোমবার (২০ জুন)। রাজধানীর মহাখালীর ব্র্যাক সেন্টারে এই সম্মেলন চলছে। শেষ হবে বুধবার (২২ জুন)। সম্মেলনটি আয়োজন করেছে ব্র্যাক ইনস্টিটিউট অব গভর্ন্যান্স অ্যান্ড ডেভেলপমেন্ট (বিআইজিডি)।

সম্মেলনে সারা বিশ্ব থেকে গবেষক এবং নীতিনির্ধারকরা একত্রিত হয়ে ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে উন্নয়ন বিষয়ে তাদের অভিজ্ঞতা, জ্ঞান এবং মতামত বিনিময় করছেন।

বিআইজিডি'র নির্বাহী পরিচালক ইমরান মতিন সূচনা বক্তব্যে বলেন, 'বাংলাদেশের শাসন ব্যবস্থার উন্নতি এবং উন্নয়নের ফলাফল ও পদ্ধতিকে দৃঢ় করতে ডিজিটালকরণের বাস্তব সম্ভাবনা রয়েছে- এমন ধারণা থেকে এই সম্মেলনটি অনুপ্রাণিত।'

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ভিনসেন্ট চ্যাং উদ্বোধনী বক্তব্যে কীভাবে ব্র্যাক বিশ্ববিদ্যালয় একটি বৈশ্বিক প্রতিষ্ঠান হিসেবে সামনে এগিয়ে যাচ্ছে তা জানান। তিনি বলেন, 'অতীতে ব্র্যাক বিশ্ববিদ্যালয় দারিদ্র্য, শিক্ষা, স্বাস্থ্যসহ বিভিন্ন সামাজিক উন্নয়ন ইস্যুতে মনোনিবেশ করেছে। এরই পথ ধরে ভবিষ্যতে ব্র্যাক বিশ্ববিদ্যালয় সামাজিক উন্নয়নের মাধ্যম হিসেবে প্রযুক্তির ওপরে জোর দেবে। কারণ, সামাজিক উন্নয়নের জন্য প্রযুক্তি তথা ডিজিটালকরণ অত্যন্ত গুরুত্বপূর্ণ।'

এটুআই'র (অ্যাসপায়ার টু ইনোভেট) পলিসি অ্যাডভাইজার আনির চৌধুরী বাংলাদেশে ডিজিটালকরণের অর্জন, ভবিষ্যৎ চ্যালেঞ্জ এবং সুযোগ সম্পর্কে বলেন, 'বাংলাদেশ ১০টি ডিজিটাল পরিষেবা দিয়ে শুরু করেছিল এবং এখন এই সেবার সংখ্যা এক হাজার ৫০০। শুরুর দিকে মাত্র দুটি পরিষেবা কেন্দ্র ছিল, যেখানে লোকজন ডিজিটাল সেবাগুলো পেতো। এখন এর সংখ্যা সরকারি-বেসরকারি মিলিয়ে আট হাজার ২০০।'

বৈশ্বিক জ্ঞান আদান-প্রদানের পাশাপাশি, সম্মেলনের আরেকটি মূল উদ্দেশ্য কীভাবে ডিজিটালকরণ দেশের ভবিষ্যৎ রূপকল্প-২০৪১ অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে, তা নিয়ে আলোচনা করা। ২০৩১ সালের মধ্যে চরম দারিদ্র্য নির্মূল করে উচ্চ-মধ্যম আয়ের দেশে পরিণত হওয়া এবং ২০৪১ সালের মধ্যে একটি উন্নত দেশ হিসেবে বাংলাদেশের গড়ে ওঠার ক্ষেত্রে ডিজিটাল প্রযুক্তি কীভাবে ভূমিকা রাখতে পারে সম্মেলনে এ বিষয়ে আলোচনা করা হয়।